



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

বর্ষবরণ উৎসবে প্রস্তুতি



বিগত বছরগুলোর ন্যায় এবারও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মহা সমারহে বাংলা নববর্ষ-১৪২৫ বঙ্গাব্দ উদযাপিত হতে যাচ্ছে। চারুকলা বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগসমূহে উৎসাহ ও উদ্দীপনার মধ্যদিয়ে চলছে পহেলা বৈশাখ উদযাপনের প্রস্তুতি।

এ উপলক্ষে ১০ এপ্রিল-২০১৮, মঙ্গলবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান চারুকলা বিভাগের উদ্যোগে 'চারু ও কারুশিল্প মেলা'র প্রস্তুতি পর্যবেক্ষন করেন। এসময় মাইক্রোবায়োলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শামীমা বেগম, চারুকলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. বজুলর রশিদ খানসহ বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবারের বর্ষবরণের অনুষ্ঠানসমূহের মধ্যে থাকবে- মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান (নৃত্য ও সংগীত), কমলা রাণীর সাগর দীঘীর পালাগান অবলম্বনে কিচ্ছাপালা, নাট্যকলা বিভাগের আয়োজনে চৈত্র সংক্রান্তির চিত্র প্রদর্শনী এবং মেলার আয়োজন ও প্রকাশনা উপকরণের স্টল।